

## সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ২৭৩০

৪৫/ অনুমতি প্রার্থনা (ﷺ) পরিচ্ছেদঃ মুসাফাহা।

باب مَا جَاءَ فِي الْمُصافَحةِ

## আরবী

حَدَّتَنَا أَحْمَدُ بْنُ عَبْدَةَ الضَّبِّيُّ، حَدَّتَنَا يَحْيَى بْنُ سُلَيْمٍ الطَّائِفِيُّ، عَنْ سُفْيَانَ، عَنْ مَنْصُورٍ، عَنْ خَيْثَمَةَ، عَنْ رَجُلٍ، عَنِ ابْنِ مَسْعُودٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قالَ "مِنْ تَمَامِ التَّحِيَّةِ الأَخْذُ بِالْيَدِ ". وَفِي الْبَابِ عَنِ الْبَرَاءِ وَابْنِ عُمَرَ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثٌ غَرِيبٌ وَلاَ نَعْرِفُهُ إِلاَّ مِنْ حَدِيث يَحْيَى بْنِ سُلَيْمٍ عَنْ سُفْيَانَ . قَالَ سَأَلْتُ مُحَمَّدَ بَنْ إِسْمَاعِيلَ عَنْ هَذَا الْحَدِيثِ فَلَمْ يَعُدَّهُ مَحْفُوظًا وَقَالَ إِنَّمَا أَرَادَ عِنْدِي حَدِيثَ سُفْيَانَ عَنْ مَنْصُورٍ عَنْ خَيْتُمَةَ عَمَّنْ سَمِعَ ابْنَ مَسْعُودٍ عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " لاَ سَمَرَ إِلاَّ لِمُصَلِّ أَقْ مُسَافِرٍ " . قَالَ مُحَمَّدٌ وَإِنَّمَا يُرْوَى عَنْ مَنْصُورٍ عَنْ أَبِي إِسْحَاقَ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ يَزِيدَ أَقْ غَيْرِهِ قَالَ مِنْ تَمَامِ التَّحِيَّةِ الأَخْذُ بِالْيَدِ .

## বাংলা

২৭৩০. আহমদ ইবন আবদা যাববী (রহঃ) ...... ইবন মাসঊদ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অভিবাদনের পূর্ণতা হল হাতে ধরা (মুসাফাহা)। যঈফ, যঈফা ২৬৯১, তিরমিজী হাদিস নম্বরঃ ২৭৩০ [আল মাদানী প্রকাশনী]

হাদীসটি গারীব। ইয়াহ্ইয়া ইবন সুলায়ম সুফইয়ান (রহঃ) সূত্র ছাড়া এটি সম্পর্কে আমাদের কিছু জানা নেই। মুহাম্মাদ ইবন ইসমাঈল বুখারী (রহঃ)-কে এই হাদীসটি সম্পর্কে জিজ্ঞাসা করেছিলাম। তিনি এটিকে মাহফূজ বা সংরক্ষিত বলে গণ্য করেননি। ইমাম তিরমিয়ী (রহঃ) বলেনঃ আমার মতে সুফইয়ান (রহঃ) বর্ণিত ইবন মাসউদ রাদিয়াল্লাহু আনহু-এর হাদীস নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে, যে তিনি শুনেছেন, মুসল্লি বা মুসাফির ছাড়া (ইশার পর) রাতে আলাপ করার অনুমতি নেই, এইটি উদ্দেশ্য করেছেন।

মুহাম্মাদ [বুখারী (রহঃ)] আরো বলেনঃ মানসূর-আবূ ইসহাক আবদুর রহমান ইবন ইয়াযীদ প্রমুখ (রহঃ) সূত্রে বর্ণিত আছে যে, হাত ধরায় অভিবাদনের পূর্ণতা সাধিত হয়।



## **English**

Narrated Ibn Mas'ud:

that the Prophet (ﷺ) said: "taking hold of the hand is from the completeness of the greeting."

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইব্ন মাসউদ (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন